

পৃথিবীকে করে যাব বাসযোগ্য

এসো,

হাতে হাত একত্রে সবাই দাঁড়াই,

বুকের ভিতর একই আলোর শিখা

সমান দীপ্তিতে জ্বলাই,

সোচ্চারে বলি,

জাতি ধর্ম বর্ণ ভেদে আমরা সবাই ভাই।

আলোয় উদ্ভাসিত করে দেই তিমির অন্ধকার,

দেখি, কোন ফাঁক দিয়ে

প্রবেশ করে গর্ব অহংকার,

প্রবল বিশ্বাসে অটল হয়ে দূর করি ভ্রষ্টাচার।

আমার বিশ্বাস তোমার হাতে

তুলে দেই বিশ্বাসে,

তুমিও তেমনি করে অটল হও

বিশ্বাসের আশ্বাসে।

একদিন এই পৃথিবীকে এভাবেই

করে যাব বাসযোগ্য,

পৃথিবীর রূপ রস গন্ধ বৈভব

হবে সবার উপভোগ্য।

ঢাকা : ২৭-১২-২০০৬

মুহম্মদ আবদুস সালাম